গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, কাঠমান্ডু

এবং

পররাষ্ট্রসচিব (সিনিয়র সচিব) এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| দূতাবাসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| প্রস্তাবনা | ৬ |
| সেকশন ১: দূতাবাসের রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৭ |
| সেকশন ২: দূতাবাসের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল / প্রভাব | ৯ |
| সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা | ১০ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ১৪ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | ১৬ |
| সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ | ১৭ |
| সংযোজনী ৪: যে সকল নীতি/ পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে | ১৮ |
| সংযোজনী ৫: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ | ১৯ |
| সংযোজনী ৬: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ | ২২ |
| সংযোজনী ৭: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ | ২৩ |
| সংযোজনী ৮: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ | ২৫ |
| সংযোজনী ৯: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ | ২৬ |

# কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

বাংলাদেশের মহান স্বাধীনতা যুদ্ধে নেপালের জনগণ ও সরকার রাজনৈতিক ও নৈতিক সমর্থন দিয়েছিল। স্বাধীনতার অব্যবহিত পরেই প্রথম কয়েকটি দেশের মধ্যে নেপাল বাংলাদেশকে স্বীকৃতি দিয়েছিল। স্বাধীনতা যুদ্ধ চলাকালেই ৩ অক্টোবর ১৯৭১ প্রতিষ্ঠিত কাঠমান্ডুস্থ বাংলাদেশ দূতাবাস নেপাল-বাংলাদেশ সম্পর্কের বিকাশে নিরলসভাবে কাজ করে আসছে। সাম্প্রতিক বছরগুলোতে দু'দেশের সম্পর্ক ব্যবসা-বাণিজ্য, বিনিয়োগ, পর্যটন, উচ্চশিক্ষা, প্রশিক্ষণ প্রভৃতি খাতে সম্প্রসারিত হয়েছে এবং তা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে।

২০২০ সালে শুরু হওয়া করোনা অতিমারীর কারণে সারাবিশ্বে সৃষ্ঠ অস্বাভাবিক পরিস্থিতি সত্ত্বেও দূতাবাস সীমিত জনবল নিয়েও তার কার্যক্রম অব্যাহত রাখে। এ সময়ে দূতাবাসে আগত সেবা প্রত্যাশীদের সকল প্রকার কনস্যুলার সেবা প্রদান করা হয়। দূতাবাস অতিমারীকালে উভয়দেশে বিভিন্ন পর্যায়ে লকডাউন ও আন্তর্জাতিক ভ্রমণ সংক্রান্ত বিধিনিষেধের কারণে নেপালে আটকে পড়া তিন শতাধিক বাংলাদেশীদের ৮ টি বিশেষ ফ্লাইটের মাধ্যমে বাংলাদেশে ফেরত পাঠানোর ব্যবস্থা করে ও একই সাথে বাংলাদেশের ফার্মাসিউটিক্যাল পণ্যের রপ্তানি আয় বৃদ্ধিকল্পে বিশেষ কার্গো ফ্লাইটের আয়োজন করে।

মহামারী স্বত্তেও দূতাবাস ২০২০-২০২১ সালে যথাযোগ্য মর্যাদায় মুজিববর্ষ পালনের নানা কর্মসূচির আয়োজন করে। ২০২০ সালে বঙ্গবন্ধুর 'কারাগারের রোজনামচা' নেপালি ভাষায় অনুবাদ করা হয়। এর আগে ২০১৮ সালে বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' নেপালি ভাষায় অনুবাদ করা হয়েছিল।

জাতির পিতার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর অনুষ্ঠানে যোগ দিতে নেপালের রাষ্ট্রপতি বিদ্যা দেবী ভান্ডারী ২২-২৩ মার্চ ২০২১ তারিখে বাংলাদেশে রাষ্ট্রীয় সফর করেন। এ সফরের সময়ে উভয় দেশের মধ্যে পর্যটন, কৃষি, সাংস্কৃতিক বিনিময় ও ট্রানজিট সংক্রান্ত ৪টি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। ২০১৯ সালে বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি আব্দুল হামিদ এবং ২০১৮ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নেপালে রাষ্ট্রীয় সফর করেন। এছাড়াও গত ৩ বছরে দু'দেশের মধ্যে অনান্য পর্যায়ের উল্লেখযোগ্য সংখ্যক সফর বিনিময় হয়েছে। ২০২০ সালের শুরুর দিকে নেপালের পররাষ্ট্রমন্ত্রী বাংলাদেশ সফর করেন। এ সকল সফর আয়োজনে দূতাবাস প্রয়োজনীয় সমন্বয় সাধন করেছে।

২০১৯ সালে নেপালের সাথে বাংলাদেশের দ্বৈতকর পরিহার বিষয়ক একটি দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষরিত হয়। ২০২০ সালে নেপালের সাথে বাংলাদেশের বাণিজ্য সহযোগিতা বিষয়ক ২ টি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এই সকল চুক্তির স্থানীয় বাস্তবায়নে দূতাবাস প্রয়োজনীয় সমন্বয় সাধন করে।

নেপালের সাথে বাংলাদেশের বাণিজ্যিক সম্পর্ক ক্রমেই জোরদার হচ্ছে এবং বাণিজ্যের ভারসাম্য বাংলাদেশের বেশ অনুকূলে রয়েছে। করোনা অতিমারীর সময়েও গত বছর নেপালে বাংলাদেশের রপ্তানি ৬০ শতাংশ বেড়েছে। গত বছরের তুলনায় এ বছর রপ্তানি প্রবৃদ্ধি ১০০ শতাংশ ছাড়িয়ে যাবে বলে আশা করা যাচ্ছে। উল্লেখ্য, ১৬-২০ জুন ২০২২ ৬ষ্ঠ নেপাল চেম্বার এক্সপোতে অর্ধশতাধিক বাংলাদেশী প্রতিষ্ঠান অংশগ্রহণ করছে। কোভিড পরবর্তী প্রথমবারের মত আয়োজিত এ মেলার উদ্বোধন করেন নেপালের প্রধানমন্ত্রী শের বাহাদুর দিউবা। এ মেলায় এবার বাংলাদেশকে 'কান্ট্রি পার্টনার' হিসেবে অংশগ্রহণ করে। মেলা চলাকালীন সময়ে দূতাবাস 'বাংলাদেশ ফ্যাশন শো' ও 'নেটওয়ার্কিং ইভেন্ট' এর আয়োজন করে।



Embassy of Bangladesh Kathmandu

দূতাবাস গত ৮ এপ্রিল ২০২২ বাংলাদেশ ও নেপালের মধ্যে কূটনৈতিক সম্পর্কের ৫০ বছর পূর্তিতে স্থানীয় একটি হলে একটি সেমিনার ও অভ্যর্থনার আয়োজন করে, যাতে নেপালের পররাষ্ট্রমন্ত্রী ডঃ নারায়ণ খারকা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এরপর একই বিষয়ে গত ১৮ এপ্রিল ২০২২ তারিখে নেপালের ইনসটিটিউট অব ফরেন এফেয়ার্স আয়োজিত সেমিনারে দূতাবাস সক্রিয়ভাবে অংশগ্রহণ করে।

কনস্যুলার সেবা প্রদান দূতাবাসের কার্যক্রমের অন্যতম। প্রতিবছর গড়ে প্রায় ৩০০০ নেপালি নাগরিককে ভিসা প্রদান করা হয়। এছাড়া নেপালে বসবাসরত বাংলাদেশীদের চাহিদা মোতাবেক পাসপোর্ট ইস্যু এবং কনস্যুলার সত্যায়নসহ অন্যান্য সেবা প্রদান করা হয়। সম্প্রতি মার্চ ২০২২ এ দূতাবাসে ই-পাসপোর্ট সেবা চালু করা হয়েছে।

জনকূটনীতিতে জোরালো ভূমিকা রাখার জন্য দূতাবাস নানবিধ কার্যক্রম চালিয়ে আসছে। দূতাবাসের সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন ফেসবুক, টুইটার, ইউটিউব চ্যানেলে বাংলাদেশের নানা উন্নয়ন অগ্রযাত্রা তুলে ধরা হয় যা নেপালের জনগণের কাছে ব্যাপক দর্শকপ্রিয়তা পাচ্ছে। উল্লেখ্য, দু'দেশের মধ্যে সম্পর্কের ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে দূতাবাস কর্তৃক নির্মিত একটি ডকুমেন্টারি 'Nepal and Bangladesh - Fifty Years of Walking Together' সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারিত হলে তা প্রায় ৪০ হাজার বার দেখা হয়েছে। দূতাবাস বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ৭ মার্চ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিবস ও জাতীয় শিশু দিবস, গণহত্যা দিবস, জাতীয় ও স্বাধীনতা দিবস, বাংলা নববর্ষ, মুজিবনগর দিবস, ৬ দফা দিবস, জাতীয় শোক দিবস ও বিজয় দিবসসহ নানা দিবস ও কর্মসূচি সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে যথাযোগ্য মর্যাদার সাথে আয়োজন করে থাকে। দূতাবাসের ওয়েবসাইটে দূতাবাস কর্তৃক প্রদত্ত নানা কনস্যুলার সেবা ও ভিসা সংক্রান্ত হালনাগাদ তথ্য এবং বাংলাদেশের উন্নয়নের নানাদিকও তুলে ধরা হয়।

দূতাবাস দুই দেশের সাংস্কৃতিক বন্ধন সুদৃঢ় করতে নানা কর্মসূচি পালন করেছে। গত ১০-১৪ মে ২০২২ তারিখে নেপাল আর্ট কাউন্সিলে '3rd Global Friendship Art Festival' অনুষ্ঠিত হয় যেখানে বাংলাদেশের শিল্পীদের শিল্পকর্ম প্রদর্শিত হয়।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ**

নেপাল ও বাংলাদেশের কূটনৈতিক সম্পর্ক অত্যন্ত সুদৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত। সাম্প্রতিককালে উভয় দেশে বিশেষ করে নেপালে পর্যটন শিল্পের বিকাশ এবং বাংলাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশুনার জন্য নেপালি ছাত্র-ছাত্রীদের ক্রমবর্ধমান আগ্রহের কারণে দূতাবাসের কার্যক্রম ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। দূতাবাসের সীমিত জনবল আর সম্পদ দিয়ে ক্রমবর্ধমান এই দায়িত্ব পালনে দূতাবাসকে যথেষ্ট বেগ পেতে হয়। অন্যদিকে নেপালে বৈদেশিক ভাতা ও সন্তানদের শিক্ষা ব্যবস্থার অপ্রতুলতা এবং আবাসনের সুযোগসুবিধার অপর্যাপ্ততার কারণে দূতাবাসে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের দায়িত্বপালনে নানাবিধ সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। অন্যান্য প্রতিবেশী দেশসমূহের কূটনৈতিকদের প্রাপ্ত সুযোগসুবিধার তুলনায় এ দূতাবাসে কর্মরত কর্মকর্তা-কর্মচারিদের প্রাপ্যতা নিতান্তই কম। প্রাপ্যতার এই অসমতা দূরীকরণে যথাযথ ব্যবস্থা গ্রহণ প্রয়োজন।

নেপাল আমদানিপ্রবণ দেশ। অর্থনৈতিক সংকটের কারণে সাম্প্রতিক সময়ে নেপাল সরকার আমদানি সংকোচনের কর্মসূচি গ্রহণ করেছে। এমতাবস্থায়, নেপালে বাংলাদেশের ক্রমবর্ধমান বাজার থাকলেও নেপালে বাংলাদেশের রপ্তানির বাজার আশানুরূপভাবে প্রবৃদ্ধি নাও পেতে পারে।

Embassy of Bangladesh Kathmandu

**ভবিষ্যৎ পরিকল্পনা**

দূতাবাসের ভবিষ্যৎ পরিকল্পনার মধ্যে রয়েছে-

১। উভয় দেশের মধ্যে উচ্চ পর্যায়ের সফর বিনিময়;

২। নেপালে বাংলাদেশের বাণিজ্য সম্প্রসারণ ও বহুমুখীকরণ;

৩। উভয় দেশের মধ্যে পর্যটনশিল্পের সম্প্রসারণ;

৪। নেপালের জলবিদ্যুৎ প্রকল্পে যৌথ বিনিয়োগ;

৫। নেপালের পণ্য আমদানি ও রপ্তানির ক্ষেত্রে বিকল্প সমুদ্র বন্দর হিসেবে মংলা ও চট্টগ্রাম বন্দর ব্যবহারে উৎসাহিতকরণ;

**২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

১। নেপালের সাথে রাজনৈতিক ও অর্থনৈতিক কূটনীতিসহ জনকূটনীতি জোরদার করা।

২। নেপালে ৩য় ফরেন অফিস কনসালটেশন, ৬ষ্ঠ বাণিজ্য-সচিব পর্যায়ের বৈঠক, পানিসম্পদ ব্যবস্থাপনা ও বিদ্যুৎ খাতে সহযোগিতার জন্য বৈঠক আয়োজন করা।

৩। নেপালের সাথে বাণিজ্য সংক্রান্ত PTA চুক্তি চূড়ান্তকরণে ব্যবস্থা গ্রহণ করা।

৪। নেপালের সাথে Bilateral Investment Promotion and Protection Agreement (BIPPA) সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করা।

৫। নেপালে বাণিজ্য মেলা আয়োজন করা এবং নেপালে আয়োজিত বাণিজ্য মেলায় বাংলাদেশী ব্যবসায় প্রতিষ্ঠানের অংশগ্রহণের ব্যবস্থা করা।

৬। নেপালের লুম্বিনীতে বৌদ্ধমন্দির, বাংলাদেশের বৌদ্ধস্থাপত্যসমূহের গ্যালারী ও অতিথিশালা নির্মাণের জন্য ব্যবস্থা গ্রহণ।

৭। নেপালে একটি একক বাংলাদেশী চিত্রও প্রদর্শনী আয়োজন করা।

৮। শিক্ষা ও সাংস্কৃতিক ক্ষেত্রে সহযোগিতা জোরদারকরণ।

৯। বিভিন্ন প্রকার সভা, সেমিনার, সিম্পোজিয়ামে অংশগ্রহণ এবং এ ধরণের কর্মসূচির আয়োজন।

১০। কাঠমান্ডুতে দূতাবাস ভবন ক্রয় অথবা নির্মাণের জন্য উপযুক্ত জমি ক্রয়ে উদ্যোগ গ্রহণ।

Embassy of Bangladesh Kathmandu

## প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে–

রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, কাঠমান্ডু

এবং

পররাষ্ট্রসচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়

এর মধ্যে ২০২১ সালের জুলাই মাসের তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল ।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

Embassy of Bangladesh Kathmandu

## সেকশন ১:

## দূতাবাসের রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প

নেপালে বাংলাদেশের জাতীয় স্বার্থ সংরক্ষণ এবং দেশের ভাবমূর্তি সমুন্নত করণ।

### ১.২ অভিলক্ষ্য

জাতীয় পররাষ্ট্রনীতিকে সামনে রেখে স্থানীয় পরিস্থিতি ও পারিপার্শ্বিকতা বিবেচনায় রেখে নেপালের সাথে বাংলাদেশের দ্বিপাক্ষিক সম্পর্কের উন্নয়ন এবং আন্তর্জাতিক/ আঞ্চলিক সংস্থা /প্রতিষ্ঠান সমূহের কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ সহ নানাবিধ কার্যক্রমের মাধ্যমে জাতীয় স্বার্থ সংরক্ষণ।

### ১.৩ দূতাবাসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১) নেপালের সাথে দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়ন ও সুসংহতকরণ;

২) নেপালে বাংলাদেশের পণ্যের বাজার সম্প্রসারণ ও বিনিয়োগ বৃদ্ধি এবং নেপালের বিশেষ দক্ষতার ক্ষেত্র বিবেচনা করে দ্বিপাক্ষিক সহযোগিতার ক্ষেত্র প্রস্তুত;

৩) বিভিন্ন ইতিবাচক কর্মকাণ্ড/প্রচারণার মাধ্যমে দেশের ভাবমূর্তির উজ্জ্বলকরণ;

৪) নেপালে অবস্থিত আন্তর্জাতিক/ আঞ্চলিক প্রতিষ্ঠান/ সংস্থা ইত্যাদির সাথে সমন্বয়ের লক্ষ্যে নিয়মিত যোগাযোগ এবং আলোচনা সংলাপে অংশগ্রহণ;

৫) নেপালে অবস্থানরত প্রবাসী বাংলাদেশীদের দ্রুততর ও সুদক্ষ কনস্যুলার ও কল্যাণমূলক সেবা প্রদান;

### সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম জোরদারকরণ

১) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন

২) ই-গভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন

৩) তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনা বাস্তবায়ন

৪) অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা বাস্তবায়ন

৫) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন



Embassy of Bangladesh Kathmandu

১.৪ কার্যাবলি:

১) নেপালের সাথে দ্বিপাক্ষিক স্বার্থ-সংশ্লিষ্ট রাজনৈতিক, অর্থনৈতিক, বাণিজ্যিক এবং কূটনৈতিক সম্পর্ক সংরক্ষণ ও উন্নয়ন;

২) নেপালের বিশেষ দক্ষতার ক্ষেত্র বিবেচনা করে দ্বিপাক্ষিক সহযোগিতার ক্ষেত্র প্রস্তুত;

৩) নেপালের সাথে দ্বিপাক্ষিক বিভিন্ন ধরণের চুক্তি/ সমঝোতা স্মারক সম্পাদন;

৪) নেপালে বাংলাদেশের পণ্যের বাজার সম্প্রসারণ ও বাংলাদেশে নেপালের বিনিয়োগ আকর্ষণ;

৫) কূটনৈতিক এবং কনস্যুলার প্রতিনিধিত্বের মাধ্যমে প্রবাসী বাংলাদেশীদের দ্রুততর ও সুদক্ষ কনস্যুলার ও কল্যানমূলক সেবা প্রদান;

৬) সরকার নির্দেশিত বিভিন্ন জাতীয় ও অন্যান্য দিবস উদযাপন/যথাযথ ভাবে পালন;

৭) রাষ্ট্রীয় সফর সহ বিভিন্ন দাপ্তরিক সফর আয়োজন;

৮) দুই দেশের জনগনের মধ্যে শিক্ষা ও সাংস্কৃতিক সম্পর্ক জোরদারকরণ;

৯) নেপালে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল করার লক্ষ্যে সভা/ সমিতি/ সেমিনার/ রিসেপশন/ মেলা ইত্যাদির আয়োজন ও অংশগ্রহণ;

১০) বিভিন্ন গণ মাধ্যমে বাংলাদেশর উন্নয়ন কর্মকান্ডের ও সাফল্যের প্রচারের মাধ্যমে বাংলাদেশের ভাবমূর্তি সমুজ্জ্বলকরণ;

১১) নেপালে অবস্থিত বিভিন্ন আন্তর্জাতিক/ আঞ্চলিক প্রতিষ্ঠান/সংস্থার বৈঠকে অংশগ্রহণ/ প্রতিনিধিত্বকরণ ।

Embassy of Bangladesh Kathmandu

## সেকশন ২:
## দূতাবাসের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদনের সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ২০২২-২৩ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২০-২০২১ | ২০২১-২২ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| কূটনৈতিক সম্পর্ক সংহতকরণ | আয়োজিত/ অংশগ্রহণকৃত বৈঠক/ সেমিনার/ ভিডিও কনফারেন্স/ টেলিকনফারেন্স | সংখ্যা | ২১ | ২৪ | ২৭ | ২৭ | ২৭ | পররাষ্ট্র মন্ত্রণালয়, সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগ ও দূতাবাস | দূতাবাস |
| | আদান-প্রদানকৃত পত্রাদি | সংখ্যা | ৩ | ৪ | ৩ | ৪ | ৪ | পররাষ্ট্র মন্ত্রণালয়, সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগ ও দূতাবাস | দূতাবাস |
| কন্স্যুলার পরিষেবার মান বৃদ্ধি | পাসপোর্ট ও ভিসা আবেদন নিষ্পত্তির হার | % | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয় এবং দূতাবাস | দূতাবাস |
| | কনস্যুলার সেবা দ্রুতকরণ | কার্যদিবস* | ৩ | ৩ | ২ | ২ | ২ | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন মন্ত্রণালয়, পাসপোর্ট অধিদপ্তর এবং দূতাবাস | দূতাবাস |
| বাংলাদেশের পণ্য বাজার সম্প্রসারণ | আয়োজিত/ অংশগ্রহণকৃত বৈঠক/ সেমিনার/ ভিডিও কনফারেন্স/ টেলিকনফারেন্স/ বাণিজ্যমেলা | সংখ্যা | ৪ | ৬ | ৭ | ৭ | ৮ | বাণিজ্য মন্ত্রণালয়, রপ্তানি উন্নয়ন ব্যুরো, দূতাবাস | দূতাবাস |
| | ব্যবসায়ী ও বিনিয়োগকারীদের চাহিত তথ্যের জন্য প্রদানকৃত পত্র/ ইমেইল | % | ৯০% | ৯০% | ১০০% | ১০০% | ১০০% | বাণিজ্য মন্ত্রণালয়, রপ্তানি উন্নয়ন ব্যুরো, দূতাবাস | দূতাবাস |
| বাংলাদেশে ভাবমূর্তি উজ্জ্বলকরণ | আয়োজনকৃত/ অংশগ্রহণকৃত বৈঠক/ সেমিনার/ কনফারেন্স/ ভিডিও কনফারেন্স | সংখ্যা | ৮ | ৯ | ৯ | ৯ | ৯ | পররাষ্ট্র মন্ত্রণালয়, সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগ ও দূতাবাস | দূতাবাস |

* বিভিন্ন কনস্যুলার সেবা প্রদানে ব্যয়িত সময়ের গড়।



Embassy of Bangladesh Kathmandu

# সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২৪ | প্রক্ষেপণ ২০২৪-২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২০-২১ | ২০২১-২২ | অসাধারণ | অতিউত্তম | উত্তম | চলতিমান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ (বিধি/আইন দ্বারা নির্ধারিত দায়িত্ব অনুযায়ী, সর্বোচ্চ ৫টি) | | | | | | | | | | | | | | | |
| ১. দ্বি-পাক্ষিক এবং বহুপাক্ষিক সম্পর্ক সুসংহতকরণ ও বৈশ্বিক সমসাময়িক ইস্যুতে সহযোগিতা জোরদারকরণ | ২৪ | ১.১ উচ্চ পর্যায়ের বৈঠক/ সফর / ভিডিও/ টেলি কনফারেন্স আয়োজন | আয়োজিত বৈঠক | সমষ্টি | সংখ্যা | ৫ | ১ | ১ | ২ | ১ | - | - | - | ২ | ২ |
| | | ১.২ সচিব পর্যায়ের বৈঠক আয়োজন | আয়োজিত বৈঠকের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৫ | ০ | ০ | ২ | ১ | ১ | - | - | ২ | ২ |
| | | ১.৩ অন্যান্য পর্যায়ের বৈঠক/ সফর/ সভা / বিনিময় সফর / ভিডিও কনফারেন্স আয়োজন | আয়োজিত সফর | সমষ্টি | সংখ্যা | ৪ | ৩ | ৩ | ৩ | ২ | ১ | - | - | ৩ | ৩ |
| | | ১.৪ উচ্চ পর্যায়ে (বিভিন্ন আন্তর্জাতিক ফোরামে প্রার্থিতার সমর্থনসহ) পত্র আদান/ প্রদান | পত্র সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৩ | ৩ | ৪ | ৪ | ৩ | ২ | ১ | - | ৪ | ৪ |
| | | ১.৫ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সাথে বৈঠক | আয়োজিত বৈঠক | সমষ্টি | সংখ্যা | ৪ | ২০ | ২০ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ১২ | ২০ | ২০ |
| | | ১.৬ স্থানীয় প্রতিষ্ঠান/ প্রতিনিধি দলকে আমন্ত্রণ | আয়োজিত রিসিপশনের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৪ | ৬ | ৪ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৫ | ৫ |
| ২. দ্রুততর ও সুদক্ষ কনস্যুলার সেবা প্রদান | ২২ | ২.১ প্রবাসী বাংলাদেশীদের পাসপোর্ট আবেদনের নিষ্পত্তি | সিদ্ধান্ত প্রদানের হার | গড় | % | ৩ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |
| | | ২.২ পাসপোর্ট এর জন্য Enrolment সম্পাদন | ব্যয়িত সময় | গড় | কার্য দিবস | ৩ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |
| | | ২.৩ ঢাকা থেকে প্রাপ্ত পাসপোর্ট প্রদান দ্রুততরকরণ | ব্যয়িত সময় | গড় | কার্য দিবস | ৩ | ৩ | ৩ | | ৪ | ৫ | ৬ | ৭ | ২ | ২ |

Embassy of Bangladesh Kathmandu

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২.৪ প্রবাসী বাংলাদেশীদেরকে কনস্যুলার সেবা (সত্যায়ন, ক্লিয়ারেন্স থাকা সাপেক্ষে আমমোক্তারনামা) প্রদান দ্রুততরকরণ | সেবা প্রদানে ব্যয়িত সময় | গড় | কার্য দিবস | ৩ | ৩ | ৩ | ২ | ৩ | ৬ | ৮ | ১০ | ২ | ২ |
| | | ২.৫ বিদেশী নাগরিকদের ভিসা আবেদনের নিষ্পত্তি | নিষ্পত্তির হার | গড় | % | ৪ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |
| | | ২.৬ বৈধ কাগজপত্র বিহীন বাংলাদেশী নাগরিকদের দেশে প্রত্যাবাসন | নিষ্পত্তির হার | গড় | % | ৩ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |
| | | ২.৭ বাংলাদেশ হতে আগত প্রতিনিধিদল বা বিশিষ্ট ব্যক্তিবর্গকে প্রটোকল সেবা | হার | গড় | % | ৩ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |
| ৩. বাংলাদেশের পণ্যবাজার সম্প্রসারণ ও বিনিয়োগ আকর্ষণ | ১২ | ৩.১ সংশ্লিষ্ট দেশের নীতি নির্ধারণী মন্ত্রণালয়/ বাণিজ্যিক চেম্বার নেতৃবৃন্দ এবং আমদানীকারকদের সাথে বৈঠক/ ভিডিও কনফারেন্সে অংশগ্রহণ/ আয়োজন | আয়োজিত সভা | সমষ্টি | সংখ্যা | ৪ | ৩ | ৪ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৪ | ৪ |
| | | ৩.২বাণিজ্যমেলা/ অন্যান্য সেমিনার/ ভিডিও কনফারেন্সে আয়োজন/ অংশগ্রহণ | আয়োজন/ অংশগ্রহণ | সমষ্টি | সংখ্যা | ৪ | ১ | ২ | ২ | ১ | - | - | - | ২ | ২ |
| | | ৩.৩ দুই দেশের সম্ভাব্য ব্যবসায়ী ও বিনিয়োগকারীদের মধ্যে যোগসূত্র স্থাপন | পত্র/ ইমেইল যোগাযোগ স্থাপন | গড় | % | ৪ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |
| ৪. বিভিন্ন ইতিবাচক প্রচারণার মাধ্যমে দেশের ভাবমূর্তি উজ্জ্বলকরণ | ১২ | ৪.১ নেপালে আয়োজিত উল্লেখযোগ্য ফেস্টিভালে অংশগ্রহণ | অংশগ্রহণকৃত ফেস্টিভালের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | ১ | ২ | ২ | ১ | - | - | - | ২ | ২ |
| | | ৪.২ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা, সেমিনার বা কনফারেন্স/ ভিডিও কনফারেন্স আয়োজন | অংশগ্রহণকৃত /আয়োজনকৃত / সভা/সেমিনার | সমষ্টি | সংখ্যা | ৩ | ২ | ২ | ২ | ১ | - | - | - | ২ | ২ |
| | | ৪.৩ স্বাগতিক দেশে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ কে সম্পৃক্ত করে জাতীয় উল্লেখযোগ্য দিবস পালন। | পালিত দিবস/ অনুষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ৩ | ৫ | ৫ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৫ | ৫ |
| | | ৪.৪ নেপাল হতে বিভিন্ন প্রতিনিধি দলের সফর আয়োজন/ সমন্বয়করণ | সফরের সংখ্যা | | | ২ | ০ | ১ | ২ | ১ | - | - | - | ২ | ২ |

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ৪.৪ স্বাগতিক দেশসমূহেরপ্রিন্ট/ ইলেকট্রিক মিডিয়া এবং সুশীল সমাজের প্রতিনিধিদের সাথে মত বিনিময় সভা | অনুষ্ঠিত সভা | সমষ্টি | সংখ্যা | ৩ | ৩ | ৩ | ৩ | ২ | ১ | - | - | ৩ | ৩ |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত) | | | | | | | | | | | | | | | |
| সুশাসন ও সংস্কার মূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | ১) শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | বাস্তবায়ন | গড় | % | ১০ | - | - | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ৫০% | ৯৫% | ১০০% |
| | | ২) ই-গভর্নেন্স/উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | বাস্তবায়ন | গড় | % | ১০ | - | - | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ৫০% | ৯৫% | ১০০% |
| | | ৩) তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | বাস্তবায়ন | গড় | % | ৩ | - | - | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ৫০% | ৯৫% | ১০০% |
| | | ৪) অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | বাস্তবায়ন | গড় | % | ৪ | - | - | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ৫০% | ৯৫% | ১০০% |
| | | ৫) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | বাস্তবায়ন | গড় | % | ৩ | - | - | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ৫০% | ৯৫% | ১০০% |

আমি, রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, কাঠমান্ডু, নেপাল, হিসেবে পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় হিসেবে রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, কাঠমান্ডু, নেপাল -এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

.................................... ১৫.৭.২০২২

রাষ্ট্রদূত

বাংলাদেশ দূতাবাস, কাঠমান্ডু, নেপাল

তারিখ

Embassy of Bangladesh
Kathmandu

.................................... ...............................

পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব) তারিখ

পররাষ্ট্র মন্ত্রণালয়

# সংযোজনী-১ শব্দসংক্ষেপ

| ক্রমিক | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১. | PTA | Preferential Trade Agreement |
| ২. | FOC | Foreign Office Consultation |
| ৩. | GFMD | Global Forum on Migration and Development |
| ৪. | MRP | Mechine Redable Passport |
| ৫. | MRV | Machine Readable Visa |
| ৬. | SDGs | Sustainable Development Goals |
| ৭. | JEG | Joint Expert Group |
| ৮. | JSC | Joint Steering Committee |
| ৯. | BIPPA | Bilateral Investment Promotion and Protection Agreement |
| ১০. | ICAO | International Civil Aviation Organization |
| ১১. | NVR | No Visa Required |
| ১২. | EPB | Export Promotion Bureau |
| ১৩. | SAARC | South Asian Association for Regional Cooperation |

Embassy of Bangladesh Kathmandu

## সংযোজনী-২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|---|
| ১. | ১.২ উচ্চ পর্যায়ের বৈঠক/ সফর / ভিডিও/ টেলি কনফারেন্স আয়োজন | আয়োজিত বৈঠক | পররাষ্ট্র মন্ত্রণালয়, সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং দূতাবাস | আয়োজিত বৈঠকের আমন্ত্রণপত্র/ কার্যবিবরণী/ অনুষ্ঠান সূচী/ প্রেস রিলিজ দূতাবাসের প্রতিবেদন |
| ২. | ১.২ ফরেন অফিস কনসালটেশন (FOC)/ Joint Working Group/ Joint Expert Group পর্যায়ের বৈঠক আয়োজন | আয়োজিত সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়, সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং দূতাবাস | আয়োজিত বৈঠকের আমন্ত্রণপত্র/ কার্যবিবরণী/ অনুষ্ঠান সূচী/ প্রেস রিলিজ দূতাবাসের প্রতিবেদন |
| ৩. | ১.৩ অন্যান্য পর্যায়ের বৈঠক/ সফর/ সভা / বিনিময় সফর / ভিডিও কনফারেন্স আয়োজন | আয়োজিত সফর | পররাষ্ট্র মন্ত্রণালয়, সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং দূতাবাস | আয়োজিত বৈঠকের আমন্ত্রণপত্র/কার্যবিবরণী/অনুষ্ঠান সূচী/ প্রেস রিলিজ দূতাবাসের প্রতিবেদন |
| ৪. | ১.৪ উচ্চ পর্যায়ে (বিভিন্ন আন্তর্জাতিক ফোরামে প্রার্থিতার সমর্থনসহ) পত্র আদান/ প্রদান | পত্র সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়, সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং দূতাবাস | আয়োজিত বৈঠকের আমন্ত্রণপত্র/ কার্যবিবরণী/ অনুষ্ঠান সূচী/ দূতাবাসের প্রতিবেদন |
| ৫. | ১.৫ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সাথে বৈঠক | আয়োজিত বৈঠক | পররাষ্ট্র মন্ত্রণালয়, সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং দূতাবাস | পত্রের কপি/ দূতাবাসের প্রতিবেদন |
| ৬. | ১.৬ বিভিন্ন আন্তর্জাতিক ফোরামে প্রার্থিতার সমর্থনে পত্র আদান/ প্রদান | পত্র সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়, সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং দূতাবাস | পত্রের কপি/ দূতাবাসের প্রতিবেদন |
| ৭. | ২.১ প্রবাসী বাংলাদেশীদের পাসপোর্ট আবেদনের নিষ্পত্তি | আবেদনের বিপরীতে পাসপোর্ট এনরোলমেন্ট বা সিদ্ধান্ত প্রদানের হার | পররাষ্ট্র মন্ত্রণালয়/ স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং দূতাবাস | রেজিস্ট্রার খাতা ও দূতাবাসের প্রতিবেদন |
| ৮. | ২.২ পাসপোর্ট এর জন্য Enrolment সম্পাদন | ব্যয়িত সময় | দূতাবাস | রেজিস্ট্রার খাতা ও দূতাবাসের প্রতিবেদন |
| ৯. | ২.৩ ঢাকা থেকে প্রাপ্ত পাসপোর্ট প্রদান দ্রুততরকরণ | ব্যয়িত সময় | দূতাবাস | রেজিস্ট্রার খাতা ও দূতাবাসের প্রতিবেদন |
| ১০. | ২.৪ প্রবাসী বাংলাদেশীদেরকে কনস্যুলার সেবা (সত্যায়ন, ক্লিয়ারেন্স থাকা সাপেক্ষে আমমোক্তারনামা) প্রদান দ্রুততরকরণ | সেবা প্রদানে ব্যয়িত সময় | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং দূতাবাস | রেজিস্ট্রার খাতা ও দূতাবাসের প্রতিবেদন |
| ১১. | ২.৫ বিদেশী নাগরিকদের ভিসা আবেদনের নিষ্পত্তি | নিষ্পত্তির হার | পররাষ্ট্র মন্ত্রণালয়/ স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং দূতাবাস | রেজিস্ট্রার খাতা ও দূতাবাসের প্রতিবেদন |
| ১২. | ২.৬ বৈধ কাগজপত্র বিহীন বাংলাদেশী নাগরিকদের দেশে প্রত্যাবাসন | নিষ্পত্তির হার | পররাষ্ট্র মন্ত্রণালয়/ স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং দূতাবাস | রেজিস্ট্রার খাতা ও দূতাবাসের প্রতিবেদন |
| ১৩. | ২.৭ বাংলাদেশ হতে আগত প্রতিনিধিদল বা বিশিষ্ট ব্যক্তিবর্গকে প্রটোকল সেবা | হার | | |



Embassy of Bangladesh Kathmandu

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪. | ৩.১ সংশ্লিষ্ট দেশের নীতি নির্ধারণী মন্ত্রণালয়/ বাণিজ্যিক চেম্বার নেতৃবৃন্দ এবং আমদানীকারকদের সাথে বৈঠক/ ভিডিও কনফারেন্সে অংশগ্রহণ/ আয়োজন | আয়োজিত সভা | পররাষ্ট্র মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ এবং দূতাবাস | আয়োজিত অনুষ্ঠানের আমন্ত্রণপত্র/ কার্যবিবরণী/ অনুষ্ঠান সূচী/ দূতাবাসের প্রতিবেদন |
| ১৫. | ৩.২ বাণিজ্যমেলা/ অন্যান্য সেমিনার/ ভিডিও কনফারেন্সে আয়োজন/ অংশগ্রহণ | আয়োজন/ অংশগ্রহণ | পররাষ্ট্র মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ এবং দূতাবাস | আয়োজিত অনুষ্ঠানের আমন্ত্রণপত্র/কার্যবিবরণী/অনুষ্ঠান সূচী/ দূতাবাসের প্রতিবেদন |
| ১৬. | ৩.৩ দুই দেশের সম্ভাব্য ব্যবসায়ী ও বিনিয়োগকারীদের মধ্যে যোগসূত্র স্থাপন | পত্র/ ইমেইল যোগাযোগ স্থাপন | পররাষ্ট্র মন্ত্রণালয়, সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং দূতাবাস | পত্র/ইমেইলের কপি ও দূতাবাসের প্রতিবেদন |
| ১৭. | ৪.১ নেপালে আয়োজিত উল্লেখযোগ্য ফেস্টিভালে অংশগ্রহণ | অংশগ্রহণকৃত/ আয়োজনকৃত/ সভা/সেমিনার | পররাষ্ট্র মন্ত্রণালয়, সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং দূতাবাস | আয়োজিত অনুষ্ঠানের আমন্ত্রণপত্র/কার্যবিবরণী/অনুষ্ঠান সূচী/ দূতাবাসের প্রতিবেদন |
| ১৮. | ৪.২ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা, সেমিনার বা কনফারেন্স/ ভিডিও কনফারেন্স আয়োজন | পালিত দিবস/ অনুষ্ঠান | পররাষ্ট্র মন্ত্রণালয় ও দূতাবাস | আয়োজিত অনুষ্ঠানের আমন্ত্রণপত্র/ কার্যবিবরণী/ অনুষ্ঠান সূচী/ দূতাবাসের প্রতিবেদন |
| ১৯. | ৪.৩ স্বাগতিক দেশে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ কে সম্পৃক্ত করে জাতীয় উল্লেখযোগ্য দিবস পালন। | অনুষ্ঠিত সভা | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং দূতাবাস | দূতাবাসের প্রতিবেদন |
| ২০. | ৪.৪ নেপাল হতে বিভিন্ন প্রতিনিধি দলের সফর আয়োজন/ সমন্বয়করণ | | | |
| ২১. | ১) শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | বাস্তবায়ন | পররাষ্ট্র মন্ত্রণালয় ও দূতাবাস | দূতাবাসের প্রতিবেদন |
| ২২. | ২) ই-গভর্ণেন্স/উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | বাস্তবায়ন | পররাষ্ট্র মন্ত্রণালয় ও দূতাবাস | দূতাবাসের প্রতিবেদন |
| ২৩. | ৩) তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | বাস্তবায়ন | পররাষ্ট্র মন্ত্রণালয় ও দূতাবাস | দূতাবাসের প্রতিবেদন |
| ২৪. | ৪) অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | বাস্তবায়ন | পররাষ্ট্র মন্ত্রণালয় ও দূতাবাস | দূতাবাসের প্রতিবেদন |
| ২৫. | ৫) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | বাস্তবায়ন | পররাষ্ট্র মন্ত্রণালয় ও দূতাবাস | দূতাবাসের প্রতিবেদন |

Embassy of Bangladesh Kathmandu

# সংযোজনী-৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যে সকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| সকল নির্দেশনা কর্মসম্পাদন | সকল কর্মসম্পাদন সূচক | পররাষ্ট্র মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয়ের সার্বক্ষণিক দিক নির্দেশনা ও বাজেট সহায়তা নিয়ে সকল কর্ম সম্পাদন । |
| দ্রুততর ও সুদক্ষ কনস্যুলার সেবা প্রদান (পাসপোর্ট/ ভিসা ইস্যু/ বৈধ কাগজপত্রবিহীন বাংলাদেশী নাগরিকদের দেশে প্রত্যাবাসন, সত্যায়ন ইত্যাদি) | সংখ্যা ও সময় | পররাষ্ট্র মন্ত্রণালয়/ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ এজেন্সির ক্লিয়ারেন্স প্রয়োজন হয়। সক্রিয় ও কার্যকর সমন্বয়ের মাধ্যমে কনস্যুলার সেবা প্রদান নিশ্চিতকরণ। |
| বাংলাদেশের পণ্যবাজার সম্প্রসারণ | বাংলাদেশের পণ্যবাজার সম্প্রসারণ/ বণিজ্যিক পরিবেশ | পররাষ্ট্র মন্ত্রণালয়/ বাণিজ্য মন্ত্রণালয় এবং রপ্তানী উন্নয়ন ব্যুরো | রপ্তানীযোগ্য পণ্যের সংখ্যা বৃদ্ধিকরণ (diversification) ও বিদ্যমান রপ্তানী পণ্যের বাজার সম্প্রসারণে বিবিধ পদক্ষেপ (promotional activities) গ্রহণ। বাণিজ্য মেলা আয়োজনে রপ্তানী উন্নয়ন ব্যুরো এর কার্যকর পদক্ষেপ প্রয়োজন। |

Embassy of Bangladesh Kathmandu

## সংযোজনী-৪: (দূতাবাসের জন্য প্রযোজ্য নয়)

## যেসকল নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে

| ক্রমিক | নীতি/পরিকল্পনার নাম | নীতি/পরিকল্পনার যে অংশের আলোকে এপিএ'র কার্যক্রম গ্রহণ করা হয়েছে | এপিএ'র সংশ্লিষ্ট কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ | | | |
| ০২ | রূপকল্প ২০৪১ | | | |
| ০৩ | অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা | | | |
| ০৪ | মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন | | | |
| ০৫ | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন | | | |
| ০৬ | এম টি বি এফ | | | |
| ... | মন্ত্রণালয়/বিভাগের নিজস্ব নীতি/পরিকল্পনা | | | |
| ... | | | | |
| ... | | | | |
| ... | | | | |
| ... | | | | |



Embassy of Bangladesh Kathmandu

সংযোজনী-৫

## পররাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/বাংলাদেশ দূতাবাস/ বাংলাদেশ হাইকমিশন-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩

বাংলাদেশ দূতাবাস/ বাংলাদেশ হাইকমিশন-এর নাম: **বাংলাদেশ দূতাবাস, কাঠমান্ডু**

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নেরদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২২-২০২৩ | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | অর্জিত মান | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা........................................ | | | | | | | | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভা আয়োজিত | ১ | সংখ্যা | নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ৪ | % | সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | ৪ | সংখ্যা | নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট | ২ | লক্ষ্যমাত্রা | | ১ | ১ | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ আয়োজিত | ২ | সংখ্যা | দূতাবাস | ২টি (সকল কর্মকর্তা ও কর্মচারী) | লক্ষ্যমাত্রা | ১ টি | | ১ টি | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত | উন্নত কর্ম-পরিবেশ | ২ | সংখ্যা ও | দূতাবাস | ২ ২৭/১০/২২ | লক্ষ্যমাত্রা | | ২৭/১০/২২ | | ২৬/০৪/২৩ | | | |

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/ নথি বিনষ্টরেণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি) | | | তারিখ | | ২৬/০৪/২৩ | অর্জন | | | | | | | |
| ১.৬ আওতাধীন দপ্তর/ সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | ফিডব্যাক সভা/ কর্মশালা অনুষ্ঠিত | ৪ | তারিখ | (প্রযোজ্য ক্ষেত্রে) | | লক্ষ্যমাত্রা | | | | | | | প্রযোজ্য নয় |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন ........................................................................ | | | | | | | | | | | | | |
| ২.১ ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ২ | তারিখ | দূতাবাস | ২৫/০৮/২২ | লক্ষ্যমাত্রা | ২৫/০৮/২২ | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেট) | ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত | ২ | % | দূতাবাস | ১০০% | লক্ষ্যমাত্রা | ১৫% | ৪০% | ৬৫% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | ৩ | % | দূতাবাস | ১০০% | লক্ষ্যমাত্রা | ৫% | ১৫% | ৪০% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২.৪ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | সভা আয়োজিত | ৩ | সংখ্যা | দূতাবাস | PSC PIC | লক্ষ্যমাত্রা | PSC PIC | PSC PIC | PSC PIC | PSC PIC | | | প্রযোজ্য নয় |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তরিত | ৫ | তারিখ | দূতাবাস | | লক্ষ্যমাত্রা | | | | | | | প্রযোজ্য নয় |
| | | | | | | অর্জন | | | | | | | |
| **৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম**…………….. ১৮ (অগ্রাধিকার ভিত্তিতে ১ নং সহ ন্যূনতম চারটি কার্যক্রম) | | | | | | | | | | | | | |
| ৩.১ সরকারি যানবহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | | ৩ | | দূতাবাস | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| | | | | | | | | | | | | | |
| ৩.২ সিটিজেন চার্টার প্রণয়ন ও হালনাগাদকরণ | সিটিজেন চার্টার প্রণীত ও হালনাগাদকৃত | ৪ | % | দূতাবাস | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ৩.৩ নির্ধারিত সময়ে কনস্যুলার ও কল্যাণ সেবা প্রদান করা | প্রদত্ত সেবা | ৪ | % | দূতাবাস | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ৩.৪ নথি হালনাগাদকরণ | | ৩ | সংখ্যা (বার) | দূতাবাস | ২ | লক্ষ্যমাত্রা | | ১ | | ১ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ৩.৫ দূতাবাসের সার্বিক সেবা প্রদানে অধিকতর স্বচ্ছতা ও দ্রুততা আনয়নের জন্য গণশুনানীর আয়োজন | আয়োজিত গণশুনানী | ৪ | সংখ্যা | দূতাবাস | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |

বি:দ্র:- কোন ক্রমিকের কার্যক্রম প্রযোজ্য না হলে তার কারণ মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

সংযোজনী-৬

# ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩

## (মাঠ পর্যায়ের অফিসের জন্য)

| ক্রম | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা ২০২২-২০২৩ | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অসাধারণ | উত্তম | চলতি মান |
| | | | | | ১০০% | ৮০% | ৬০% |
| ০১ | [১.১] একটি উদ্ভাবনী ধারণা/সেবা সহজিকরণ/ডিজিটাইজেশন বাস্তবায়ন | [১.১.১] একটি উদ্ভাবনী ধারণা/সেবা সহজিকরণ/ডিজিটাইজেশন বাস্তবায়িত | তারিখ | ১০ | ১৬/০৩/২০২৩ | ৩০/০৩/২০২৩ | ১৩/০৪/২০২৩ |
| ০২ | [২.১] ই-নথির ব্যবহার বৃদ্ধি | [২.১.১] ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত | % | ১০ | ৮০% | ৭০% | ৬০% |
| ০৩ | [২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৩.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | সংখ্যা | ১৫ | ৪ | ৩ | ২ |
| ০৪ | [৪.১] ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন | [৪.১.১] ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজিত | সংখ্যা | ৫ | ২ | ১ | -- |
| ০৫ | [৫.১] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [৫.১.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত | সংখ্যা | ৬ | ৪ | ৩ | ২ |
| | | [৫.১.২] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরিত | তারিখ | ৪ | ১৫/০১/২০২৩ | ৩১/০১/২০২৩ | ০৯/০২/২০২৩ |

Embassy of Bangladesh ★ Kathmandu ★

সংযোজনী-৭

## মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠান/দপ্তর সংস্থা/ মাঠ পর্যায়ের দপ্তর এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩

| কার্যক্রমের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন ২০২১-২২ | লক্ষ্যমাত্রা ২০২২-২০২৩ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| প্রাতিষ্ঠানিক | ১৪ | [১.১] অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে এবং জিআরএস সফটওয়্যারে (প্রযোজ্য ক্ষেত্রে) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ | [১.১.১] অনিক ও আপিল কর্মকর্তা তথ্য হালনাগাদকৃত এবং ওয়েবসাইটে আপলোডকৃত | সংখ্যা | ৪ | | | ৪ | ৩ | | | |
| | | [১.২] নির্দিষ্ট সময়ে অনলাইনে/অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি | [১.২.১] অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ৭ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | |
| | | [১.৩] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ | [১.৩.১] প্রতিবেদন প্রেরিত | % | ৩ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | |
| সক্ষমতা অর্জন | ১১ | [২.১] কর্মকর্তা/কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | [২.১.১] প্রশিক্ষণ আয়োজিত | সংখ্যা | ৪ | - | - | ২ | ১ | - | - | - |



Embassy of Bangladesh ★ Kathmandu ★

| কার্যক্রমের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন ২০২১-২২ | লক্ষ্যমাত্রা ২০২২-২০২৩ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| | | [২.২] ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [২.২.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ৩ | - | - | ৪ | ৩ | ২ | ১ | |
| | | [২.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন | [২.৩.১] সভা আয়োজিত | সংখ্যা | ৪ | | | ২ | ১ | | | |

Embassy of Bangladesh ★ Kathmandu ★

## সংযোজনী-৮

### মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠান/দপ্তর সংস্থা/মাঠ পর্যায়ের দপ্তর এর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩

| কার্যক্রমের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন ২০২১-২২ | লক্ষ্যমাত্রা ২০২২-২০২৩ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| প্রাতিষ্ঠানিক | ১৮ | [১.১] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন | [১.১.১] কমিটি পুনর্গঠিত | সংখ্যা | ৩ | | | ৪ | ৩ | ২ | ১ | |
| | | [১.২] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [১.৩.১] সিদ্ধান্ত বাস্তবায়িত এবং প্রতিবেদন প্রেরিত | % | ৪ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | |
| | | [১.৩] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন | [১.২.১] সভা আয়োজিত | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | ১ | |
| | | [১.৪] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ (আওতাধীন দপ্তর/সংস্থাসহ) | [১.৪.১] হালনাগাদকৃত | সংখ্যা | ৯ | | | ৪ | ৩ | ২ | ১ | |
| সক্ষমতা অর্জন | ৭ | [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন | [২.১.১] প্রশিক্ষণ/ কর্মশালা আয়োজিত | সংখ্যা | ৩ | - | - | ২ | ১ | - | - | - |
| | | [২.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন | [২.২.১] অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ৪ | - | - | ২ | ১ | | | |



Embassy of Bangladesh ★ Kathmandu ★

# সংযোজনী-৯

## তথ্য অধিকার বিষয়ে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা (সকল সরকারি অফিসের জন্য প্রযোজ্য)

| কর্মসম্পাদনের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন ২০২১-২২ | লক্ষ্যমাত্রা ২০২২-২০২৩ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| প্রাতিষ্ঠানিক | ৬ | [১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি | [১.১.১] নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি | % | ০৬ | | | ১০০% | ৯০% | ৮০% | - | - |
| সক্ষমতা বৃদ্ধি | ১৯ | [১.২] স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | [১.২.১] হালনাগাদকৃত তথ্য ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০৪ | | | ৩১-১২-২০২২ | ১৫-০১-২০২৩ | ৩১-০১-২০২৩ | - | - |
| | | | | | | | | ৩০-০৬-২০২৩ | - | - | - | - |
| | | [১.৩] বার্ষিক প্রতিবেদন প্রকাশ | [১.৩.১] নির্ধারিত সময়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশিত | তারিখ | ০৩ | | | ১৫-১০-২০২২ | ৩১-১০-২০২২ | ৩০-১১-২০২২ | - | - |
| | | [১.৪] তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/ হালনাগাদকরণ | [১.৪.১] তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স প্রস্তুতকৃত/হালনাগাদকৃত | তারিখ | ০৩ | | | ৩১-১২-২০২২ | ১৫-০১-২০২৩ | ৩১-০১-২০২৩ | - | - |
| | | [১.৫] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ | [১.৫.১] প্রচার কার্যক্রম সম্পন্ন | সংখ্যা | ০৪ | | | ৩ | ২ | ১ | - | - |
| | | [১.৬] তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | [১.৬.১] প্রশিক্ষণ আয়োজিত | সংখ্যা | ০৩ | | | ৩ | ২ | ১ | - | - |
| | | [১.৭] তথ্য অধিকার সংক্রান্ত প্রত্যেকটি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ে ওয়েবসাইটের তথ্য অধিকার সেবাবক্সে প্রকাশ | [১.৭.১] ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটের তথ্য অধিকার সেবাবক্সে প্রকাশিত | সংখ্যা | ০২ | | | ৪ | ৩ | ২ | ১ | |

Embassy of Bangladesh Kathmandu